SATISH CHANDRA MEMORIAL SCHOOL

ASSERTION REASONING TEST

CLASS - IV

SUBJECT - BENGALI

Time - 40 F. M - 20

---

১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করো: (কেস স্টাডি)১×৫

দেবর্ষি নারদ একদিন বনের পথ পার হচ্ছেন। তাঁর বাহন ঢেঁকিতে চড়ে তিনি দেখতে পেলেন একজন ধ্যান করছে, এক মনে। একাগ্র মনে একাসনে থাকায় তার শরীর উইটিপিতে ঢেকে গেছে ।আর ধ্যানে বসেই নারদের গান শুনে নারদকে স্মরণ করে বললেন, প্রভু আপনি কোথায় যাচ্ছেন?--বৈকুন্ঠে যাচ্ছি।উত্তর দিলেন নারদ। সেই ধ্যানী আবার জিজ্ঞাসা করলেন,হে দেবর্ষি বহুকাল ধরে আমি ধ্যানে আছি। উই ঢিপিতে আমার শরীর ঢেকে গেছে। কিন্তু আমার মুক্তির আর কত দেরি? দয়া করে যদি আপনি নারায়ণের কাছে জেনে আসেন ,তাহলে খুবই ভালো হয়। নারদ সম্মতি জানিয়ে চলে গেলেন। কিছু দূর গিয়ে আর এক দৃশ্য দেখলেন তিনি। একটি লোক ভাবাবেগে পাগলের মত লাফ দিচ্ছে আর গান গাইছে।নারদকে দেখে সে খুব খুশি। আনন্দে সে জিজ্ঞাসা করল, ও ঠাকুর তুমি কোথায় যাচ্ছ? ---স্বর্গে যাচ্ছি । নারদ হেসে বললেন। স্বর্গের নাম শুনে লোকটি খুশিতে পাগল। গদগদ ভাবে বলল, খুব ভালো। আমার কবে মুক্তি একথা একটু নারান ঠাকুরকে জিজ্ঞাসা করো কিন্তু । ঘাড় নেড়ে সম্মতি জানিয়ে নারদ চলে গেলেন।

i) মন্তব্য: স্বর্গের নাম শুনে লোকটি খুশিতে পাগল।

কারণ:ক) উক্ত লাইনটিতে পাগল বলতে পায়ের পাতার আকারের কথা বলা হয়েছে। খ) মানসিক ভারসাম্য হীনতা মানুষকে বোঝানো হয়েছে।

A)মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক B)মন্তব্য ঠিক, কারণ (ক)ও (খ) ঠিক

C)মন্তব্য ভুল কারণ (খ) ভুল D) মন্তব্য ভুল কারণ (ক) ও (খ) ভুল

ii) মন্তব্য: বৈকুন্ঠে যাচ্ছি। উত্তর দিলেন নারদ।

কারণ: ক) বক্তা কথাটি ঠিক বলেছেন। খ) বক্তা ভুল কথা বলেছেন।

A)মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক B)মন্তব্য ঠিক, কারণ (ক)ও (খ) ঠিক

C)মন্তব্য ভুল ,কারণ (খ) ভুল D)মন্তব্য ভুল ,কারণ (ক) ও (খ) ভুল

iii) উইটিপি বলতে কী বোঝানো হয়েছে? A) উইপোকার বাসস্থানের জায়গা B) উইপোকার কবরস্থানের জায়গা C) নানা রকম পোকামাকড়ের বাসস্থানের জায়গা D) মৃত পশু ফেলে রাখার জায়গা

iv) ঢেঁকি বলতে আমরা কী বুঝি? A) ধান ভানার কাঠের যন্ত্র B) গম ভানার কাঠের যন্ত্র C) সরষে ফুল থেকে তেল নিকাশের যন্ত্র D) কোনোটিই নয়

v) মন্তব্য: ঘাড় নেড়ে সম্মতি জানিয়ে নারদ চলে গেলেন।

কারণ: ক) নারদের ইচ্ছে না থাকা সত্ত্বেও তিনি সম্মতি দিয়েছিলেন। খ) নারদ খুশি মনে সম্মতি দিয়েছিলেন।

A) মন্তব্য ঠিক কারণ ক ঠিক B) মন্তব্য ঠিক কারণ ক ও খ ঠিক

C) মন্তব্য ভুল কারণ খ ভুল D) মন্তব্য ভুল কারণ ক ও খ ভুল

২। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করো: (সাহিত্য) ১×৫

i) মন্তব্য : পারিব না এ কথাটি কবি বলতে বারণ করেছেন কেন?

কারণ : কবির ইচ্ছে সকল মানুষ সবকিছু করতে পারে।

A) মন্তব্য ঠিক, কারণও ঠিক B) মন্তব্য ঠিক, কারণ ভুল C) মন্তব্য ভুল, কারণও ভুল D) মন্তব্য ভুল কারণ ঠিক

ii) মন্তব্য:তোমায় তো দেখি নাকো তাদের আকার।

কারণ: ক) আকার বলতে এখানে তার শারীরিক গঠনের কথা বলা হয়েছে। খ)আকার বলতে এখানে স্বভাবের কথা বলা হয়েছে ।

A) মন্তব্য ঠিক, কারণ ক ঠিক B) মন্তব্য ঠিক, কারণ ক ও খ ঠিক C) মন্তব্য ঠিক, কারণ খ ঠিক D) মন্তব্য ভুল কারণ ক ও খ ঠিক

iii) মন্তব্য:"পারিব বলিয়া সুখে হও আগুসার"

কারণ: ক) আগুসার বলতে জীবনে ইতিবাচক চিন্তাভাবনার সাথে সামনের দিকে এগিয়ে যাওয়ার কথা বোঝানো হয়েছে

খ) আগুসার বলতে নেতিবাচক চিন্তাভাবনার কথা বোঝানো হয়েছে।

A) মন্তব্য ঠিক, কারণ ক ঠিক B) মন্তব্য ঠিক, কারণ ক ও খ ঠিক C) মন্তব্য ঠিক, কারণ খ ভুল D) মন্তব্য ভুল কারণ ক ও খ ঠিক

iv) কবির মতে কোন ধরনের মানুষ জীবনে কিছু করতে পারে না

A) যেসব মানুষ খুব পরিশ্রমী হয় B) যেসব মানুষ অলস, অবোধ হয়

C) প্রাণহীন মানুষ D)যেসব মানুষ খুব চালাক চতুর হয়।

v) জলের মধ্যে কী ধরণের শরীরচর্চা করা যেতে পারে? A) মাঝি হয়ে নৌকা চালানো B) সাঁতারু হয়ে সাঁতার কাটা C) ছিপ দিয়ে মাছ ধরা D) এদের কোনোটিই নয়

৩। নীচের প্রশ্নগুলি সঠিক উত্তরটি নির্বাচন করো:(ব্যাকরণ) ১×১০

i)মন্তব্য:তার শরীরটা আজ ভালো নেই।

কারণ: (ক)এখানে শরীরের বদলে অঙ্গটি ভালো নেই বলা যেতে পারত।

(খ)শরীরটা শব্দটির সঠিক ব্যবহার করা হয়েছে।

A) মন্তব্য ঠিক কারণ ক ঠিক B) মন্তব্য ঠিক কারণ ক ও খ ঠিক

C) মন্তব্য ঠিক কারণ খ ঠিক D) মন্তব্য ভুল কারণ কওখ ভুল

ii) মন্তব্য: "গুরু" এবং "আচার্য" শব্দ দুটি সমার্থক।

কারণ: ক) এই দুটি শব্দের অর্থ সম্পূর্ণ ভিন্ন। খ) এই দুটি শব্দের অর্থ একই.

A) মন্তব্য ঠিক, কারণ খ ঠিক B) মন্তব্য ঠিক, কারণ ক ঠিক

C) মন্তব্য ঠিক, কারণ ক ও খ ঠিক D) মন্তব্য ভুল, কারণ ক ও খ ভুল

iii) মন্তব্য: ব্যাকরণের আক্ষরিক অর্থ হলো "শব্দ- শাস্ত্র"।

কারণ: ব্যাকরণ ভাষা সমন্ধে জ্ঞান বারাবার জন্য আদর্শ।

A) মন্তব্য ঠিক, কারণ ভুল B)মন্তব্য ভুল, কারণ ভুল

C)মন্তব্য ঠিক, কারণ ঠিক D)মন্তব্য ভুল ,কারণ ঠিক
iv) মন্তব্য: সর্বনাম পদ হলো এক প্রকার পদ যা নামপদের স্থানে ব্যবহৃত হয়।

কারণ: সর্বনাম পদ বাক্যের সংক্ষিপ্ততা বজায় রাখতে সাহায্য করে।

A)মন্তব্য ঠিক ,কারণ ঠিক B)মন্তব্য ভুল ,কারণ ভুল C)মন্তব্য ঠিক ,কারণ ভুল D)মন্তব্য ভুল , কারণ ঠিক

v)বর্ণের উচ্চারণের সময় কোন অঙ্গ জড়িত থাকে?

A) জিহ্বা, দন্ত, তালু B) কান, চোখ, মুখ C) হাত, পা, শরীর D) মস্তিষ্ক, হৃদপিণ্ড, ফুসফুস
vi) মন্তব্য: বিভক্তি যুক্ত শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে পদ বলে।

কারণ: বাক্যের মধ্যে থাকা শব্দগুলির সাথে বিভক্তি যুক্ত থাকে।

A) মন্তব্য ঠিক, কারণও ঠিক B) মন্তব্য ভুল, কারণও ভুল C) মন্তব্য ঠিক, কারণ ভুল D) মন্তব্য ভুল, কারণ ঠিক

৭) মন্তব্য: অনেক লোক এখানে জড়ো হয়েছে।

কারণ: বহু লোক এখানে জড়ো হয়েছে এ কথা বোঝানো হয়েছে।

A) মন্তব্য ভুল, কারণ ঠিক B) মন্তব্য ঠিক, কারণ ভুল C) মন্তব্য ঠিক, কারণও ঠিক D) মন্তব্য ভুল কারণও ভুল

৮) মন্তব্য: বিশেষ্য ও সর্বনাম পদের বচন হয়।

কারণ: বাংলা ভাষায় আর কোনো পদ নেই।

A) মন্তব্য ঠিক, কারণ ভুল B) মন্তব্য ভুল, কারণ ঠিক C) মন্তব্য ভুল, কারণও ভুল D) মন্তব্য ঠিক, কারণও ঠিক

৯) মন্তব্য: যা সরোবরে জন্মে তা সরোজ।

কারণ: সরবরে যা জন্মে তাই সরোজ।

A) মন্তব্য ভুল, কারণ ঠিক B) মন্তব্য ঠিক, কারণও ঠিক C) মন্তব্য ঠিক, কারণ ভুল D) মন্তব্য ভুল, কারণও ভুল

১০) মন্তব্য: সকলেরই আয় অনুযায়ী ব্যয় করা উচিত।

কারণ: বাক্যটিতে আয়ের বিপরীত ব্যয় শব্দটি ব্যবহার করা হয়েছে।

A) মন্তব্য ঠিক, কারণও ঠিক B) মন্তব্য ঠিক, কারণ ভুল C) মন্তব্য ভুল, কারণও ভুল D) মন্তব্য ভুল, কারণ ঠিক